গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

## তুলা উন্নয়ন বোর্ডের ২০২৫-২৬ অর্থবছরের বিভাগীয় সমন্বয় সভা (১ম) এর কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রেজাউল আমিন<br>নির্বাহী পরিচালক (রুটিন দায়িত্ব) |
| সভার তারিখ | **০৯/০৭/২০২৫ খ্রি:** |
| সভার সময় | **সকাল ১১:৩০** |
| স্থান | সম্মেলন কক্ষ, তুলা উন্নয়ন বোর্ড |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিগত সমন্বয় সভার কার্যবিবরনীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্ব-সম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। অত:পর সভায় নির্ধারিত আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয়বস্তু | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংশ্লিষ্ট |
|---|---|---|---|
| ২ | ই-ফাইলিং ও তথ্য বাতায়ন | সিদ্ধান্ত-i: মাঠ পর্যায়ের সকল কার্যালয়সহ সদর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম ৯০% ডি নথির মাধ্যমে নিস্পত্তি করতে হবে এবং সেই সাথে নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে। যথাসময়ে ই ফাইলিং ও তথ্য বাতায়ন হালনাগাদ কার্যক্রম-এর মাসিক প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে।<br>সিদ্ধান্ত-ii: ওয়েবসাইট বেইজড হাজিরা সিস্টেম চালু করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ দ্রুত গ্রহণ করতে হবে।<br>সিদ্ধান্ত-iii: সদর দপ্তরে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট নিশ্চিত করার জন্য ইন্টারনেট সংযোগ আপডেট এবং প্রয়োজনীয় ব্যবস্থা দ্রুত গ্রহণ করতে হবে।<br>সিদ্ধান্ত-iv: যে সকল কার্যালয় রিপোর্ট প্রদান করে না তাদেরকে কারন দর্শানো পত্র এবং যারা ভাল করছে তাদের প্রশংসা পত্র প্রেরণ করতে হবে। | সকল মাঠ কার্যালয় এবং আইসিটি শাখা |
| ৩ | শূণ্য পদ পূরণ | সিদ্ধান্ত-i: শূণ্য পদ পূরণ এর বিষয়ে নিয়োহ বা পদোন্নতি এবং প্রেরিত প্রস্তাব যথাযথ বাস্তবায়নে নিয়মিত যোগাযোগ রেখে সকল চাহিত জবাবের উত্তর প্রদানে দ্রুত পদক্ষেপ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>সিদ্ধান্ত-ii: পদ সৃজন ও নাম পরিবর্তন এর বিষয়ে গুরুত্ব আরোপ করে আঞ্চলিক কার্যালয়, ঢাকা এর উপপরিচালক মোঃ কুতুব উদ্দীন কে আহ্বায়ক এবং মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ জি এম ফরহাদ হোসেন কে সদস্য সচিব করে কৃষিবিদ ড. মো: গাজী গোলাম মর্তুজা, মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ, এইচ এম সাইফুল্লাহ আজাদ, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও সুবীর কুমার বিশ্বাস, তুলা উন্নয়ন কর্মকর্তাদের সদস্য হিসেবে নিয়ে কমিটি প্রস্তুত করতে হবে। কমিটি এ সকল বিষয়ে কার্যক্রম দ্রুত নিস্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>সিদ্ধান্ত-iii: কৃষি গবেষণা থেকে আগত পদ সমূহের বিষয়ে যে সকল পদ নিয়োগবিধিভুক্ত হয় নাই সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রশাসন শাখা |
| ৪ | গবেষণা সংক্রান্ত: | সিদ্ধান্ত-i: ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদনকৃত গবেষণা কর্মসূচী সমূহ মাঠ পর্যায়ে প্রেরণ এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>সিদ্ধান্ত-ii: বীজের মান ভাল রাখার বিষয়ে দৃষ্টিপাত রেখে বিশেষ করে রোদে দিতে হবে এবং গবেষণা প্লটের মাটি পরীক্ষা করতে হবে। | গবেষণা শাখা |
| ৫ | প্রকল্প<br>ও | সিদ্ধান্ত-i: ২০২৫-২৬ অর্থ বছরে প্রকল্প এর আর্থিক ও ভৌত অগ্রগতি ১০০ শতাংশ বাস্তবায়নের জন্য এবং কর্মপরিকল্পনা নির্ধারন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| | কর্মসূচী সংক্রান্ত: | সিদ্ধান্ত- ii: নতুন প্রকল্প/ কর্মসূচী প্রস্তাব প্রেরণের জন্য পত্র প্রেরণ এবং কমিটি প্রস্তুত করতে হবে। | পরিকল্পনা শাখা |
| ৬ | প্রণোদনা সংক্রান্ত | সিদ্ধান্ত-i: প্রনোদনা সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন এবং নিয়মিত মনিটরিং করতে হবে। আর্থিক অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে দ্রুত প্রেরণ করতে হবে। | সকল মাঠ কার্যালয় এবং ফোকাল পয়েন্ট |
| ৭ | অডিট আপত্তি সংক্রান্ত | সিদ্ধান্ত- i : অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে অধিকতর সচেতনার সাথে দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ড. কামরুল ইসলামের অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে দৃষ্টিপাত রাখতে হবে।<br>সিদ্ধান্ত-ii: সকল কার্যালয় ও প্রকল্প সমূহের অডিট আপত্তি নিস্পত্তির জন্য প্রয়োজনীয় দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার আয়োজন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অডিট কমিটি/ ফোকাল পয়েন্ট<br>ও<br>হিসাব শাখা |
| ৮ | বাজেট<br>ও<br>হিসাব সংক্রান্ত | সিদ্ধান্ত-i: প্রতিমাসে রাজস্ব এবং প্রকল্প সমূহের বাজেট ও হিসাব সম্পর্কিয় একটি (১টি) BIC সভা ও প্রতি ত্রৈমাসিকে একটি (১টি) BMC সভা আয়োজন করে বাজেট সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। সভায় ক্যাশ পারচেজ এর বিষয়ে অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br>সিদ্ধান্ত-ii: মাঠ পর্যায়সহ সকলকে অর্থবছরের শুরুতে প্রেরিত প্রস্তাবের বাজেট বরাদ্দ দিতে হবে এবং সংশোধিত বাজেটের পূর্বে তা যথাসময়ে বাস্তবায়নের দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। | বাজেট ও হিসাব শাখা |
| ৯ | প্রকিউরমেন্ট সংক্রান্ত | সিদ্ধান্ত- i: অর্থবছরের শুরুতে ক্রয় পরিকল্পনা প্রস্তুত এবং সে অনুযায়ী কার্যক্রম সূচারুভাবে দ্রুতসময়ে বিধি অনুযায়ী সম্পন্ন করতে হবে।<br>সিদ্ধান্ত-ii: নতুন গাড়ী ক্রয় এর বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকিউরমেন্ট শাখা |
| ১০ | প্রশিক্ষণ/ কর্মশালা সংক্রান্ত | সিদ্ধান্ত-i: প্রশিক্ষণ ও সেমিনার/ কর্মশালা যথাযথ সময়ে বাস্তবায়নের নিমিত্তে কর্মপরিকল্পনা প্রণয়ন করে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশিক্ষণ শাখা |
| ১১ | মনিটরিং ও রিপোর্টিং সংক্রান্ত | সিদ্ধান্ত-i: মাঠ পর্যায়ে কার্যক্রমসমূহের অগ্রগতি নিয়মিতভাবে মনিটরিং করতে হবে ও সকল প্রতিবেদন/ রিপোর্টিং সঠিকভাবে করে যথাসময়ে সদর দপ্তরে নির্ধারিত ই-মেইলে প্রেরণ করতে হবে। | মাঠ কার্যালয় এবং মনিটরিং ও রিপোর্টিং শাখা |
| ১২ | জমিজমা/মামলা সংক্রান্ত | সিদ্ধান্ত- i: তুলা উন্নয়ন বোর্ডের জমিজমা এবং মামলা সংক্রান্ত কার্যক্রম সঠিক সময়ে প্রতিবেদন ও বাস্তবায়ন করতে হবে এবং অনলাইন সিস্টেমে সফটওয়ারে হালনাগাদ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>সিদ্ধান্ত- ii: কোনো স্থানে বাউন্ডারির সমস্য থাকলে তা দ্রুত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে সর্বদা মনিটরিং করতে হবে।<br>সিদ্ধান্ত-iii: রুমাতে ২০ একর জমি অধিগ্রহণের জন্য পত্র প্রেরণসহ কার্যক্রম গ্রহণ করে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। | আইন শাখা |
| ১৩ | বিভাগীয় ঋণ | সিদ্ধান্ত- i: বিভাগীয় ঋণের অর্থ সুদ সমেত সকলকে পরিশোধ করতে হবে। অন্যথায় যারা পরিশোধ করবেন না, তাদের চলতি মৌসুমের জন্য বিভাগীয় ঋন প্রদান করা হবে না এবং তাদের তাগিত পত্র প্রেরণ করতে হবে। পরিশোধ সাপেক্ষে বিভাগীয় ঋণ প্রদান করতে হবে। | জিনিং ও মার্কেটিং শাখা এবং হিসাব শাখা |
| ১৪ | বিবিধ | সিদ্ধান্ত-i: তুলা ভবনের প্রতিটি কার্যালয় এর আলাদা বিদ্যুতের মিটার স্থাপনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ এর অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | সংস্থাপন শাখা |
| | | সিদ্ধান্ত- ii: তুলা উন্নয়ন বোর্ডের নিজস্ব খালি জায়গায় আপল্যান্ড তুলা/ শিমুল তুলা/ মসলিন/ ট্রি কটন চারা তৈরি বা চাষাবাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল কার্যালয় |
| | | সিদ্ধান্ত-iii: বীজের বকেয়া অর্থ দ্রুততম সময়ে সংশ্লিষ্ট সকলকে পরিশোধ এর জন্য পত্র প্রেরণ করতে হবে। | জিনিং ও মার্কেটিং শাখা |
| | | সিদ্ধান্ত-iv: তুলা ভবনের গেস্ট হাইজের মান বৃদ্ধিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক, ঢাকা অঞ্চল |

১৬-০৭-২০২৫
মোঃ রেজাউল আমিন
নির্বাহী পরিচালক (রুটিন দায়িত্ব)

তারিখ: ১ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১২.০৭.০০০০.০০০.১০৩.০১.০০১৩.১৯.১৪২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল শাখা, তুলা উন্নয়ন বোর্ড (সদর দপ্তর)।
২। উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল)।
৩। তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল)।
৪। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয় (সকল )।

১৬-০৭-২০২৫
ফাহিনুর রহমান শাতিল
তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)